দৈনিক খবর

৬১

তারিখ 13 FEB 1990
পৃষ্ঠা 3

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

এ, এফ রহমান হলে বহুতল ভবন নির্মাণের দাবীতে বহুতল ভবন নির্মাণ বাস্তবায়ন সংগ্রাম কমিটির আহ্বানে গতকাল (সোম-

(২য় পৃঃ দ্রঃ)

### ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

বার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূর্ণ-দিবস ছাত্র ধর্মঘট পালিত হয়। এফ রহমান হল ছাত্র সংসদ গতকাল বেলা ১১ টায় হল ক্যাম্পাস হইতে মিছিল বাহির করিয়া ভিসির বাসভনের সম্মুখে রাস্তায় অবস্থান নেয়। জানা যায়, বেলা পৌনে একটা নাগাদ ভিসি প্রফেসর আবদুল মান্নান বিক্ষোভকারীদের সম্মুখে আসেন। বহুতল ভবন নির্মাণ বাস্তবায়ন সংগ্রাম কমিটির আহ্বায়ক আবুল কালাম আজাদ খান জানান, ভিসি কোন সিদ্ধান্ত না দিয়াই বাসভবনের ভিতরে চলিয়া যান। ইহার প্রতিবাদে বিক্ষোভকারী ছাত্ররা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বাহির করে। আজ (মঙ্গলবার) অপরাজেয় বাংলার পাদদেশে প্রতিবাদ সভার আয়োজন করা হইয়াছে।